# বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বি ও বি শাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা
www.moind.gov.bd

প্রজ্ঞাপন

ইহা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা-২০১২ গেজেট প্রজ্ঞাপন নং ৩৬.০৩.০০০০. ০৬৭. ১৮ .০০১ .১২-২৫৩ তারিখ ২৯ নভেম্বর ২০১২ আংশিক সংশোধনক্রমে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা-২০১৪ হিসাবে গণ্য হইবে।

যেহেতু পণ্য উৎপাদন, বাজারজাতকরণ এবং কর্মসংস্থানের মাধ্যমে বাংলাদেশের দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধিতে বেসরকারি খাতে প্রতিষ্ঠিত শিল্প কারখানাসমূহ গুরুত্বপূর্ণ অবদান রাখিতেছে; এবং

যেহেতু শিল্পখাতসহ দেশের সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ বেসরকারি খাতে প্রতিষ্ঠিত শিল্প কারখানা বিনিয়োগ ও পরিচালনায় সম্পৃক্ত বাংলাদেশি নাগরিকদের মধ্য হইতে সরকার প্রতি বৎসর বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু সরকার এতদ্বারা নিম্নরূপ নীতিমালা (Policy) প্রণয়ন করিল,

১। সংক্ষিপ্ত শিরোনাম। --এই নীতিমালা **বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।**

২। **বাণিজ্যিক গুর'ত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচনের শ্রে বিন্যাস ও সংখ্যা:-**

**(ক) পদাধিকারবলেঃ** বিদ্যমান জাতীয় শিল্পনীতি অনুসারে জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (এনসিআইডি) এর পদাধিকারি বেসরকারি সদস্য, যাহারা দেশের শিল্পখাতে গুরুত্বপূর্ণ অবদান রাখিতেছেন তাহাদের মধ্য হইতে এই নীতিমালার শর্ত পূরণ সাপেক্ষে সিআইপি (শিল্প) নির্বাচিত হইবেন।

**(খ) উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমেঃ** বিদ্যমান জাতীয় শিল্পনীতি অনুযায়ী শিল্প খাতে শ্রেণিবিন্যাসের আলোকে সিআইপি (শিল্প) এর অনুমোদিত সদস্য সংখ্যা অনধিক ৫০ (পঞ্চাশ) জন যাহা নিম্নরূপে বিন্যস্ত হইবে।

| বৃহৎ শিল্প | | মাঝারি শিল্প | | ক্ষুদ্র শিল্প | | মাইক্রো শিল্প | কুটির শিল্প | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| উৎপাদন | সেবা | উৎপাদন | সেবা | উৎপাদন | সেবা | | | |
| ২০ | ৫ | ১২ | ৩ | ৫ | ১ | ২ | ২ | ৫০ জন |

৩। (১) এই নীতিমালার অন্যান্য বিধান অনুসরণ সাপেক্ষে বিদ্যমান শিল্পনীতিতে প্রদত্ত সংজ্ঞানুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্পখাতে এবং বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র শিল্পখাতের মধ্য থেকে প্রযোজ্য ক্ষেত্রে সেবা শিল্পখাতে সিআইপি (শিল্প) নির্বাচিত হইবেন।

(২) উপ অনুচ্ছেদ (১) এ উল্লিখিত শিল্প খাতের জন্য সিআইপি (শিল্প) নির্বাচনের ক্ষেত্রে পরিশিষ্ট-১, ২ ও ৩ এ বর্ণিত নীতিমালা অনুযায়ী মান বন্টন পদ্ধতি অনুসরণীয় হইবে।

(অ) আবেদনকারীকে প্রত্যেক মান বন্টনের বিভাজনের সমর্থনে প্রামাণিক দলিলপত্র দাখিল করিতে হইবে।

(আ) প্রাপ্ত আবেদন বিদ্যমান শিল্পনীতিতে বর্ণিত শ্রেণি ব্যবধানের (Class Interval) আলোকে ১০ (দশ)টি ধাপে (স্তরে) বিন্যস্ত করতঃ সর্বোচ্চ স্কোরধারীকে ১০০% ধরিয়া ক্রমান্বয়ে মান নির্ধারণ করিতে হইবে।

(৩) বাংলাদেশের যে কোন নাগরিক, যিনি পূর্ববর্তী অর্থ বৎসরে উৎপাদন ও সেবামূলক কর্মকান্ডে বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্পের ক্ষেত্রে যথাক্রমে ন্যূনতম ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা, ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা, ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ও ১৫,০০০/- (পনের হাজার) টাকা প্রাতিষ্ঠানিক এবং ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যক্তিগত আয়কর প্রদান করিয়াছেন এবং কুটির শিল্প খাত ব্যতীত অন্যান্য শিল্প খাতে যাহার ব্যবস্থাপনায় এক বা একাধিক পণ্য উৎপাদনকারী বা সেবা প্রদানকারী শিল্প প্রতিষ্ঠান রহিয়াছে, তিনি, এই নীতিমালার অন্যান্য অনুচ্ছেদে বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে, সিআইপি (শিল্প) নির্বাচনের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

(৪) এই নীতিমালার অন্যান্য বিধান প্রতিপালন সাপেক্ষে কোন একক শিল্প প্রতিষ্ঠানের স্বত্বাধিকারি, লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে চেয়ারম্যান অথবা কোম্পানী পরিচালনা পর্ষদ কর্তৃক যথাযথভাবে মনোনীত কোন উদ্যোক্তা পরিচালক এবং পার্টনারশীপ ফার্মের ক্ষেত্রে শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা অংশীদার সিআইপি (শিল্প) নির্বাচিত হইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। তবে বেতনভুক্ত কোন কর্মকর্তা সিআইপি (শিল্প) নির্বাচনের যোগ্য হইবেন না।

(৫) একই গ্রুপভুক্ত বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান একই ধরনের পণ্য উৎপাদন করিলে ঐ সকল প্রতিষ্ঠানের পক্ষে কেবলমাত্র একজন সিআইপি (শিল্প) নির্বাচিত হইতে পারিবেন।

৪। **সিআইপি (শিল্প) নির্বাচনের আবেদন, ইত্যাদি**-----(১) বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্পে পণ্য/সেবার মধ্য হইতে এক বা একাধিক খাতের জন্য দেশীয় কোন শিল্প উদ্যোক্তা, বাংলাদেশের পেশাজীবী নাগরিক সিআইপি (শিল্প) নির্বাচিত হইবার জন্য ক্ষেত্রমতে ফরম "ক", ফরম "খ" ও ফরম "গ" অনুযায়ী সরকারের নিকট আবেদন করিতে পারিবেন ( ছক সংযুক্ত)।

(২) সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য আবেদনে বর্ণিত অর্থ বৎসরের উৎপাদন বা সেবার পরিমাণ এবং আনুষংগিক অন্যান্য বিষয় পরীক্ষা করিয়া প্রাপ্ত নম্বর অনুযায়ী অনুচ্ছেদ ৬ এর অধীন গঠিত বাছাই কমিটি সিআইপি (শিল্প) এর একটি প্রাথমিক তালিকা প্রণয়ন করিবে।

৫। **সিআইপি (শিল্প) হিসাবে নির্বাচিত হইবার ক্ষেত্রে বিধিনিষেধ** ।--

(১) নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে কোন ব্যক্তি সিআইপি (শিল্প) হিসাবে নির্বাচিত হইবার যোগ্য হইবেন না, যদি তিনি--

(ক) ঋণ খেলাপী হন, বা আবেদনের পূর্ববর্তী অর্থ বৎসরে যথাবিহিতভাবে শুল্ক, মূল্য সংযোজন কর বা আয়কর প্রদান না করিয়া থাকেন,

(খ) বৈদেশিক কোন ক্রেতার সহিত শিল্প বিরোধে জড়িত থাকিলে এবং উক্তরূপ বিরোধ অবসানে অনাগ্রহী হন,

(গ) কোন ফৌজদারী অপরাধের জন্য কোন ট্রাইব্যুনাল বা আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হন এবং সাজা ভোগ করিবার পর অন্যূন ৫(পাঁচ) বৎসর অতিবাহিত না হয়, বা

(ঘ) শেয়ার সংক্রান্ত কোন কেলেংকারীতে জড়িত থাকিলে,

(ঙ) আবেদনপত্রে কোন মিথ্যা ও অসত্য তথ্য প্রদান করিলে।

(২) কোন অর্থ বৎসরের জন্য সিআইপি (শিল্প) নির্বাচনের বিষয়ে বিজ্ঞপ্তি প্রচার ও আবেদনপত্র গ্রহণের সময়কালের পূর্ববর্তী ৫(পাঁচ) বৎসর পর্যন্ত সময়কালে কোন শিল্প প্রতিষ্ঠানকে যদি সরকারের রাজস্ব ফাঁকির কোন ঘটনার জন্য জরিমানা করা হয়, তাহা হইলে উক্ত অর্থ বৎসরের জন্য উক্ত শিল্প প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী, উদ্যোক্তা পরিচালক বা চেয়ারম্যান সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য আবেদন করিতে পারিবেন না।

(৩) সিআইপি (শিল্প) হিসাবে নির্বাচনের জন্য আবেদনকারী তাহার আবেদনপত্রে কোন মিথ্যা বা অসত্য তথ্য প্রদান করিলে আবেদনকারী পরবর্তী ৩ (তিন) বৎসর সময়কাল সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য আবেদন করিতে পারিবেন না।

(৪) এই অনুচ্ছেদের অধীন কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের ঋণ সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের এবং শুল্ক, মূল্য সংযোজন কর কিংবা আয়কর বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

৬। **সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য বাছাই কমিটি, ইত্যাদি**।-----(১) এই নীতিমালার অধীন সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য সরকার নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠন করিবে যথাঃ----

| | | |
|---|---|---|
| (ক) | শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব | - সভাপতি |
| (খ) | শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (অধি ও আইন) | - সদস্য |
| (গ) | স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উপ-সচিব পদ মর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা | - *সদস্য* |
| (ঘ) | বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উপ-সচিব পদ মর্যাদার নিম্নে নয় এম একজন কর্মকর্তা | - সদস্য |
| (ঙ) | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উপ-সচিব পদ মর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা | - সদস্য |
| (চ) | বিনিয়োগ বোর্ড কর্তৃক মনোনীত একজন সদস্য - পরিচালক পদ মর্যাদার নিম্নে নয় | - সদস্য |
| (ছ) | জাতীয় রাজস্ব বোর্ডের মনোনীত একজন প্রতিনিধি (প্রথম সচিব এর নিম্নে নয়) | - *সদস্য* |
| (জ) | বিসিক কর্তৃক মনোনীত একজন পরিচালক | - সদস্য |
| (ঝ) | এফবিসিসিআই কর্তৃক মনোনীত একজন পরিচালক/প্রতিনিধি | - সদস্য |
| (ঞ) | শিল্প মন্ত্রণালয়ের উপ-সচিব (অধি) | - সদস্য সচিব |

(২) সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য বাছাই কমিটি শ্রেণিভিত্তিক সিআইপি সংখ্যা নির্বাচনের সুপারিশ করিতে পারিবেন।

(৩) সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য প্রাপ্ত আবেদনসমূহ বিবেচনা করিয়া বাছাই কমিটি অনুচ্ছেদ ২ এর দফা (ক) এবং (খ) এর সমন্বয়ে প্রতি বৎসর একটি তালিকা প্রণয়ন করিবে এবং তালিকায় অন্তর্ভূক্ত কোন ব্যক্তি-

(ক) কোন ফৌজদারী অপরাধের জন্য কোন ট্রাইব্যুনাল বা আদালত কর্তৃক দন্ডিত হইয়াছেন কিনা, কিংবা তাহার বিরুদ্ধে কোন ট্রাইব্যুনাল বা আদালতে উক্তরূপ কোন মামলা রহিয়াছে কিনা,

(খ) ঋণ খেলাপী কিনা, কিংবা

(গ) যথাবিহিতভাবে শুল্ক, মূল্য সংযোজন কর কিংবা আয়কর প্রদান করিয়াছেন কিনা,

(ঘ) বৈদেশিক কোন ক্রেতার সহিত শিল্প বিরোধে জড়িত কিনা,

(ঙ) শেয়ার সংক্রান্ত কেলেংকারীতে জড়িত কিনা ---

তদসম্পর্কিত তথ্যাদি জানাইবার জন্য ক্ষেত্রমত স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয় এবং সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নিকট তালিকার একটি কপি প্রেরণ করিবে।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন বাছাই কমিটি কর্তৃক প্রেরিত তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ক্ষেত্রমত স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয় এবং সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের যাচিত তথ্যাদি সম্পর্কে তাহাদের মন্তব্য বাছাই কমিটির নিকট প্রেরণের বিষয়টি নিশ্চিত করিবে।

(৫) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয় এবং সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নিকট হইতে মন্তব্য বা তথ্যাদি পাইবার পর বাছাই কমিটি সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য প্রণীত তালিকা বিবেচনার জন্য শিল্প মন্ত্রণালয়ে পেশ করিবে।

(৬) উপ-অনুচ্ছেদ (৫) এর অধীন প্রাপ্ত তালিকা পরীক্ষা করিয়া শিল্প মন্ত্রণালয় উহা অনুমোদনযোগ্য বিবেচনা করিলে, তালিকাটি মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটির অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করিবে।

(৭) উপ-অনুচ্ছেদ (৬) এর অধীন শিল্প মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত তালিকা পাইবার পর সিআইপি (শিল্প) নির্বাচনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটি তদবিবেচনায় যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৮) উপ-অনুচ্ছেদ (৭) এর অধীন সিদ্ধান্ত গ্রহণের পর যদি দেখা যায় যে, কোন ব্যক্তি একই সাথে সিআইপি (শিল্প) সহ একাধিক ক্ষেত্রে সিআইপি নির্বাচিত হইয়াছেন তাহা হইলে মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটি উক্ত ব্যক্তির পছন্দমত যেকোন একটির জন্য তাহাকে সিআইপি ঘোষণা করিতে পারিবে।

(৯) উপ-অনুচ্ছেদ (৭) এবং (৮) এর অধীন মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(১০) এই নীতিমালার অধীন মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটি কর্তৃক অনুমোদিত সিআইপি (শিল্প) এর তালিকা সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করিবে।

৭| **সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য পরিশিষ্ট-৪** এ বর্ণিত সময়সূচি অনুসরণ করিতে হইবে।

৮। **সিআইপি (শিল্প) সংক্রান্ত সুযোগ-সুবিধা**।---(১) একজন সিআইপি (শিল্প) ১ (এক) বৎসরের জন্য নিম্নরূপ সুযোগ-সুবিধা প্রাপ্য হইবেন, যথাঃ--

(ক) শিল্প মন্ত্রণালয় হইতে সিআইপি (শিল্প) সংক্রান্ত একটি পরিচয়পত্র প্রাপ্ত হইবেন যাহাতে উহার মেয়াদকাল উল্লেখ থাকিবে এবং মেয়াদকালীন সময়ে পরিচয়পত্রটি বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশপত্র হিসাবে গণ্য হইবে;

(খ) বিভিন্ন জাতীয় অনুষ্ঠানে এবং সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত নাগরিক সংবর্ধনায় আমন্ত্রণ পাইবেন;

(গ) ব্যবসা সংক্রান্ত কাজে ভ্রমণের সময় বিমান, রেলপথ, সড়ক ও জলপথে চলমান সরকারি যানবাহনে আসন সংরক্ষণে অগ্রাধিকার পাইবেন;

(ঘ) ব্যবসা সংক্রান্ত কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে ভিসা প্রাপ্তির নিমিত্ত তাহার অনুকূলে পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট দূতাবাসকে উদ্দেশ্য করে Letter of Introduction প্রদান করিবে;

(ঙ) স্ত্রী, পুত্র, কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারি হাসপাতালের কেবিন সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাইবেন;

(চ) বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ-২ ব্যবহারের সুবিধা প্রাপ্ত হইবেন; এবং

(ছ) মেয়াদকালীন সময়ে সরকার কর্তৃক তাহাকে শিল্প বিষয়ক নীতি নির্ধারণী কোন কমিটিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা যাইবে।

(২) সিআইপি (শিল্প) এর উপ-অনুচ্ছেদ (১) এর অধীন প্রাপ্ত পরিচয়পত্র মেয়াদ উত্তীর্ণের ৭ (সাত) দিনের মধ্যে শিল্প মন্ত্রণালয়ে ফেরত প্রদান করিতে হইবে।

৯। **সিআইপি (শিল্প) সম্পর্কিত সুযোগ-সুবিধা প্রত্যাহার।**

(১) সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা যে কোন ব্যক্তিকে অনুচ্ছেদ ৮ এর উপ অনুচ্ছেদ (১) এর অধীন প্রদত্ত সিআইপি (শিল্প) এর সুযোগ সুবিধা মেয়াদকালীন যে কোন সময় জনস্বার্থে প্রত্যাহার করিতে পারিবে।

(২) কোন ব্যক্তি সিআইপি (শিল্প) নির্বাচিত হইবার পর যেই প্রতিষ্ঠানের জন্য সিআইপি (শিল্প) নির্বাচিত হইয়াছেন সেই প্রতিষ্ঠানের তথ্যগত ত্রুটি, অসত্য তথ্য, আর্থিক বিষয়াদির অডিট কার্যক্রমে বা দূর্ণীতি তদন্তে অথবা আদালতের রায়ে সিআইপি নির্বাচনের সংগে সংশ্লিষ্ট কোন বিষয়ে আপত্তি বা দূর্ণীতি বা অপরাধ প্রমাণিত হইলে উক্ত নির্বাচিত সিআইপি (শিল্প) এর অনুকূলে প্রদত্ত সিআইপি কার্ড বা সম্মাননা বাতিল মর্মে গণ্য হইবে এবং সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা তাহা প্রকাশ করিবে।

১০। ইতোপূর্বে জারীকৃত সিআইপি নির্বাচন সংক্রান্ত প্রজ্ঞাপন নং ৩৬.০০.০০০০.০৬৭.১৮.০০১.১২-২৫৩ তারিখঃ ২৯ নভেম্বর ২০১২ এতদ্বারা বাতিল করা হইল।

১১। উপরে বর্ণিত সিআইপি (শিল্প) নির্বাচন নীতিমালা, ২০১৪ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ রেজাউল করিম)
সহকারী সচিব

পরিশিষ্ট-১

(ক) বৃহৎ ও মাঝারি শিল্প খাতের সিআইপি (শিল্প) নির্বাচনের মান-বন্টন নিম্নরূপঃ

| ক্রমিক নং | মান বন্টন খাত | মান বন্টন |
|---|---|---|
| | | প্রস্তাবিত |
| (১) | প্রকৃত উৎপাদন | ২০ |
| (২) | পরিশোধিত মূলধন + দীর্ঘ মেয়াদী মোট বিনিয়োগ (Audited Report) | ০৮ |
| (৩) | মোট মুনাফা | ০৫ |
| (৪) | পরিশোধিত কর (সকল কর) | ২০ |
| (৫) | জনবল | ১০ |
| (৬) | জনকল্যাণমূলক কাজ | ০৫ |
| (৭) | উৎপাদিত পণ্যে স্থানীয় কাঁচামালের ব্যবহার | ০৮ |
| (৮) | জাতীয় ও আন্তর্জাতিক আদর্শমান (বিএসটিআই / আইএসও) | ০৪ |
| (৯) | পরিবেশ রক্ষা ও বর্জ্য পরিশোধন ব্যবস্থা | ১০ |
| (১০) | গবেষণা ও উন্নয়ন | ০৫ |
| (১১) | কর্মচারী ও শ্রমিক কল্যাণ | ০৫ |
| | সর্বমোটঃ | ১০০ |

পরিশিষ্ট-২

(খ) ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প খাতের সিআইপি (শিল্প) নির্বাচনের মান বন্টন নিম্নরূপঃ

| ক্রমিক নং | মান বন্টন খাত | মান বন্টন |
|---|---|---|
| | | প্রস্তাবিত |
| (১) | প্রকৃত উৎপাদন | ২০ |
| (২) | পরিশোধিত মূলধন + দীর্ঘ মেয়াদী মোট বিনিয়োগ | ০৫ |
| (৩) | মোট মুনাফা | ০৫ |
| (৪) | পরিশোধিত কর (সকল কর) | ১০ |
| (৫) | জনবল | ১০ |
| (৬) | জনকল্যাণমূলক কাজ | ০৫ |
| (৭) | উৎপাদিত পণ্যে স্থানীয় কাঁচামালের ব্যবহার | ২০ |
| (৮) | জাতীয় ও আন্তর্জাতিক আদর্শমান (বিএসটিআই / আইএসও) | ০৪ |
| (৯) | পরিবেশ রক্ষা ও বর্জ্য পরিশোধন ব্যবস্থা | ০৫ |
| (১০) | নতুন পণ্য উদ্ভাবন | ০৬ |
| (১১) | গবেষণা ও উন্নয়ন | ০৫ |
| (১২) | কর্মচারী ও শ্রমিক কল্যাণ | ০৫ |
| | মোটঃ | ১০০ |

পরিশিষ্ট-৩

(গ) সেবামূলক বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র খাতের খাতের সিআইপি (শিল্প) নির্বাচনের মান বন্টন নিম্নরূপঃ

| ক্রমিক নং | মান বন্টন খাত | মানবন্টন |
|---|---|---|
| | | প্রস্তাবিত |
| (১) | মোট বিনিয়োগ | ২৫ |
| (২) | টার্ণ ওভার | ১০ |
| (৩) | আয়কর পূর্ববর্তী মুনাফা | ১০ |
| (৪) | পরিশোধিত কর (সকল কর) | ১৫ |
| (৫) | মেধা স্বত্ব গ্রহণ ও সংরক্ষণ | ০৫ |
| (৬) | সেবা খাতে প্রযুক্তি উদ্ভাবন/ব্যবহার | ০৫ |
| (৭) | জনবল | ০৫ |
| (৮) | জনকল্যাণমূলক কাজ | ০৫ |
| (৯) | পরিবেশ রক্ষা ও বর্জ্য পরিশোধন ব্যবস্থা | ১০ |
| (১০) | জাতীয় ও আন্তর্জাতিক আদর্শমান (বিএসটিআই /আইএসও) | ০৫ |
| (১১) | কর্মচারী ও শ্রমিক কল্যাণ | ০৫ |
| | মোটঃ | ১০০ |

পরিশিষ্ট-৪

(গ) সিআইপি (শিল্প) নির্বাচনের সময়সূচি - নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী পরবর্তী বৎসরের জন্য সিআইপি (শিল্প) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা হইবে, যথাঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | সময়সূচি |
|---|---|---|
| ১. | শিল্প মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞপ্তি প্রচার এবং আবেদন আহবান ও গ্রহণ | ১৫ জুলাই হইতে ১৫ আগষ্ট |
| ২. | বাছাই কমিটি কর্তৃক প্রাথমিক তালিকা প্রণয়ন | ১৬ আগষ্ট হইতে ১৫ সেপ্টেম্বর |
| ৩. | কোন ফৌজদারী অপরাধ সংক্রান্ত, খেলাপী ঋণ সংক্রান্ত, শুল্ক, মূল্য সংযোজন কর, শেয়ার সংক্রান্ত তথ্য এবং আয়কর সংক্রান্ত ও শিল্প বিরোধ সংক্রান্ত তথ্য সংগ্রহকরণ। | ১৬ সেপ্টেম্বর হইতে ১৫ অক্টোবর |
| ৪. | কোন ফৌজদারী অপরাধ সংক্রান্ত, খেলাপী ঋণ সংক্রান্ত, শুল্ক, মূল্য সংযোজন কর, শেয়ার সংক্রান্ত তথ্য এবং আয়কর সংক্রান্ত ও শিল্প বিরোধ সংক্রান্ত তথ্য প্রাপ্তির পর বাছাই কমিটি কর্তৃক তালিকা প্রণয়ন এবং শিল্প মন্ত্রণালয়ের অনুমোদন। | ১৬ অক্টোবর হইতে ১৫ নভেম্বর |
| ৫. | শিল্প মন্ত্রণালয় হতে অনুমোদিত তালিকা সুপারিশ সহকারে মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটির বিবেচনার জন্য প্রেরণ। | ১৬ নভেম্বর হইতে ৩১ নভেম্বর |
| ৬. | মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটির চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ। | ১ ডিসেম্বর হইতে ১৫ ডিসেম্বর |
| ৭. | মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন সংক্রান্ত কমিটি কর্তৃক অনুমোদিত সিআইপি (শিল্প) এর চূড়ান্ত তালিকা শিল্প মন্ত্রণালয় কর্তৃক সরকারী গেজেটে প্রকাশ। | ১৬ ডিসেম্বর হইতে ৩১ ডিসেম্বর |